

এই সময় কলকাতা শনিবার ৩০ নভেম্বর ২০১৩



‘জার্নি থ্রু লেন্স’। দেশ-বিদেশের ছবি।

আর্ট এবং ক্রাফট-এর পৃষ্ঠপোষক ‘আর্ট ফর লাইফ’-এর উদ্যোগে বিড়লা অ্যাকাডেমিতে সম্প্রতি অনুষ্ঠিত হয়ে গেল সজল ঘোষের ফটোগ্রাফি নিয়ে ‘জার্নি থ্রু লেন্স’ নামে এক প্রদর্শনী। বহুজাতিক সংস্থায় কর্মরত সজলবাবুর প্যাশন ছবি তোলা। কর্মসূত্রে পৃথিবীর বিভিন্ন প্রান্তে ঘোরার সুবাদে প্রদর্শনীতে উঠে এল দেশ বিদেশে তোলা বিভিন্ন ছবি। মূলত পোর্ট্রেট, ল্যান্ডস্কেপ-এর সাদা-কালো ও রঙিন ষাটটি ছবিতে বারাণসী, কলকাতার পাশাপাশি ফুটে উঠেছে কেনিয়া, জার্মানি, টার্কি, জর্ডন, সিঙ্গাপুরের নানা দৃশ্য।